JUL 15 2002

যুগান্তর

তারিখ ----------
পৃষ্ঠা ৭ কলাম ৫

# যুক্তরাষ্ট্রগামী ছাত্রছাত্রীদের জন্য ১৮ জুলাই ঢাকায় সেমিনার

যেসব ছাত্র ২০০২ শিক্ষা বছরের শরতে যুক্তরাষ্ট্রে তাদের বিশ্ববিদ্যালয় পর্যায়ের পড়ালেখা শুরু করতে যাচ্ছেন আমেরিকান সেন্টারের এডুকেশনাল অ্যাডভাইজিং সেন্টার তাদের সুবিধার্থে একটি সেমিনারের আয়োজন করেছে। আগামী

সেমিনার : পৃষ্ঠা : ৭ কলাম : ৪

## সেমিনার : যুক্তরাষ্ট্রগামী

১৮ জুলাই বৃহস্পতিবার সকাল ১০টায় আমেরিকান ক্লাবে এই সেমিনার অনুষ্ঠিত হবে। যুক্তরাষ্ট্রের কোন বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যেই যারা ভর্তি হয়েছেন কেবল সেসব ছাত্রছাত্রী সেমিনারে যোগ দিতে পারবেন। এ সেমিনারে যুক্তরাষ্ট্রের ভিন্ন সংস্কৃতির সঙ্গে খাপ খাইয়ে নেয়া, সার্বিক শিক্ষা পরিবেশ, বিভিন্ন সামাজিক বিষয়, ভ্রমণের ব্যবস্থা, স্বাস্থ্য বীমা ও স্বাস্থ্যসেবা এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয় তুলে ধরা হবে। স্থান সীমিত হওয়ার কারণে আগে এলে আগে পাবেন ভিত্তিতে আসন সংরক্ষণ করা যাবে। সেমিনারে যোগ দিতে আগ্রহী ছাত্রছাত্রীরা স্টুডেন্ট অ্যাডভাইজিং সেন্টার ৮৮১৩৪৪০-৪ ফোন নম্বরে যোগাযোগ করে নাম অন্তর্ভুক্ত করতে পারেন। সংবাদ বিজ্ঞপ্তি।